



Beats of My Heart

তাওফিকা ফুডস് এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির নিট মুনাফায় প্রবৃদ্ধি প্রায় ৬৬%

৩০ সেপ্টেম্বর ২০২১ প্রথম প্রাপ্তিকে কর পরবর্তী মুনাফা বেড়েছে পঁজিবাজারে তালিকাভুক্ত খাদ্য-আনুষাঙ্গিক খাতের কোম্পানি তাওফিকা ফুডস্ এন্ড লাভেলো আইসক্রিম পিএলসির। আগের হিসাব বছরের তুলনায় আলোচ্য সময়ে কোম্পানিটির নিট মুনাফা বেড়েছে প্রায় ৬৫.৭৮ শতাংশ। কর পরবর্তী মুনাফার বৃদ্ধির পাশাপাশি কোম্পানিটির বিক্রয়ও বেড়েছে। এক বছরের ব্যবধানে কোম্পানিটির বিক্রয় বেড়েছে প্রায় ২০ শতাংশ।

কোম্পানিটির অনিয়ীক্ষিত আর্থিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় আলোচ্য সময়ে কোম্পানিটির কর-পরবর্তী নিট মুনাফা হয়েছে ৩ কোটি ৩৯ লাখ টাকার বেশি। যেখানে আগের হিসাব বছরের নিট মুনাফা ছিল ২ কোটি ৪ লাখ টাকার বেশি। সর্বশেষ অনিয়ীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুসারে কোম্পানিটির শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ৪০ পয়সা। যা আগের হিসাব বছরের একই সময় ছিল ৩৭ পয়সা। আলোচ্য সময়ে কোম্পানিটির ইপিএস বেড়েছে প্রায় ৮ শতাংশ। ৩০ সেপ্টেম্বর ২০২১ প্রথম প্রাপ্তিক শেষে কোম্পানিটির নিট সম্পদমূল্য (এনএভিপিএস) দাঁড়িয়েছে ১২ টাকা ৯৭ পয়সা। আগের হিসাব বছরের একই সময় শেষে যা ছিল ১২ টাকা ৫৭ পয়সা এবং এনওএফপিএস বৃদ্ধি পেয়ে হয়েছে ৭১ পয়সা যা আগের হিসাব বছরে ছিল (২৪) পয়সা।